**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থাসমূহের**
**ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৭**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভায় চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ আবদুল মাননানের সভাপতিত্বে এবং আওতাধীন সংস্থাসমূহের ইনোভেশন অফিসারের উপস্থিতিতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়। কর্মপরিকল্পনা নিম্নরূপ:

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়:**

**১. সভা:** ইনোভেশন টিম প্রতি মাসে একটি করে সভা করবে।
**২. অধীনস্থ সংস্থায় ই-ফাইলিং সিস্টেম বাস্তবায়ন:** এই মন্ত্রণালয়ের অধীন কমপক্ষে দু'টি সংস্থায় ই-ফাইলিং বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণ প্রদান করা হবে এবং ঐ দু'টি সংস্থায় ভার্চুয়াল অফিস প্রস্তুত করা হবে।
**৩. সাইবার সিকিউরিটির উপর বিশেষ প্রশিক্ষণ:** সাইবার সিকিউরিটির উপর মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহে সাইবার সিকিউরিটির উপর বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হবে।
**৪. ই-সেবায় রূপান্তর প্রক্রিয়া:** সংস্থাসমূহের বিদ্যমান সেবা প্রক্রিয়াসমূহকে ই-সেবায় রূপান্তর করা হবে।
**৫. প্রশিক্ষণ:** কম্পিউটারে বাংলা টাইপের ক্ষেত্রে ইউনিকোডের ব্যবহার উৎসাহিত করা হবে এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া অফিসে প্রযোজ্য ক্ষেত্রে ইলেক্ট্রনিক মিডিয়া ব্যবহারের জন্য উৎসাহ প্রদানসহ প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে। আইসিটিসহ নতুন নতুন প্রযুক্তির ক্ষেত্রে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।
**৬. ওয়েবসাইট তথ্যবহুল, আকর্ষণীয় এবং হালনাগদকরণ:** ওয়েবসাইট তথ্যবহুল ও আকর্ষণীয় করা হবে এবং প্রতি কর্ম দিবসে হালনাগাদ করা হবে।
**৭. মেলা/সেমিনার:** রাষ্ট্রীয়ভাবে গৃহীত ডিজিটাল অথবা আইসিটি সংক্রান্ত বিভিন্ন মেলা/সেমিনারে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অংশগ্রহণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।
**৮. ভিডিও কনফারেন্স:** সময় অপচয় কমাতে ক্ষেত্র বিশেষে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভা-সেমিনার আয়োজন করা হবে।
**৯. বাংলাদেশ সমুদ গবেষণা ইনস্টিটিউটের ওয়েবসাইট প্রস্তুতকরণ:** বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউটের নতুন ওয়েবসাইট প্রস্তুতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।

**বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন:**

১. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর ওয়েব পোর্টালের অন্তর্ভুক্ত সকল বিভাগ ইনস্টিটিউটের বিষয়বস্তু সময়োপযোগী করা এবং হোম মেনুতে নতুন ধরনের প্রয়োজনীয় তথ্য সংযোজন এবং আধুনিকায়ন করা হবে।
২. নতুন ইনমাস প্রতিষ্ঠানে Patient Management System [PMS] online সেবা চালু করা হবে।
৩. পারসোনাল ডিরেক্টরি, প্রকাশনা এবং বৈদেশিক ভ্রমণ ডাটাবেজ এর তথ্য হালনাগাদসহ প্রযুক্তিগত উন্নয়ন করা হবে।
৪. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর অভ্যন্তরীন ই-সেবা সহজীকরণ করার লক্ষ্যে একটি Common Platform তৈরী করা হবে।
৫. পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানে Wi-Fi সহ ইন্টারনেট সেবা পূর্ণাঙ্গরূপে চালু করা হবে।
৬. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান কার্যালয়ে ও পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানে চালুকৃত LAN [Local Area Network] এবং Wi-Fi সেবা সম্প্রসারণ, আপগ্রেডেশন এবং আধুনিকীকরণ করা হবে।
৭. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে মডিউল বেসড নিউক্লিয়ার ই-লার্নিং সিস্টেম চালু করা হবে।

৮. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর Online General Provided Fund [GPF] সিস্টেম তৈরি করা হবে।

৯. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে EFT Pension ব্যবস্থা চালু, পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকার টিএলডি সেবা ও পশকে, চট্টগ্রামের টেস্টিং সেবা প্রক্রিয়া সহজীকরণ করা হবে।

১০. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে ব্যবহৃত অন্যান্য domain-সমূহ www.baec.gov.bd এর অধীনে sub-domain হিসেবে চালু করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

**বাংলাদেশের বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর):**

১। বিসিএসআইআর প্রদত্ত ১৪টি নাগরিক সেবার সার্ভিস প্রোফাইল তৈরি করা হবে।

২। বিসিএসআইআর-এর কমপক্ষে ৪ (চারটি) টি নাগরিক সেবাকে অনলাইন ভিত্তিক করা হবে।

৩। প্রতি মাসে ইনোভেশন টিমের কমপক্ষে একটি সভা করা হবে।

৪। বিসিএসআইআর-এর বিজ্ঞানী/কর্মকর্তা/কর্মচারীকে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে।

৫। বিসিএসআইআর-এর গবেষণা ও উন্নয়ন কার্যাবলীর পূর্ণাঙ্গ ডাটাবেজ তৈরি করা হবে।

৬। বিসিএসআইআর-এর ওয়েবসাইটকে আরো তথ্য বহুল ও আকর্ষণীয় করা হবে।

৭। জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত আইসিটি অ্যাকশান প্লান-এর যথাযথ বাস্তবায়ন করা হবে।

৮। তথ্য আদান প্রদানের ক্ষেত্রে বিসিএসআইআর-এর সকল পর্যায়ে ইলেকট্রনিক পদ্ধতির ব্যবহারকে উৎসাহিত করা হবে।

১০। বিসিএসআইআর-এর কার্যক্রম সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার এবং জনগণের মতামতের আলোকে সিদ্ধান্ত নেয়ার উদ্যোগ গ্রহণ করা হবে।

৯। রাষ্ট্রীয়ভাবে গৃহীত আইসিটি সংক্রান্ত বিভিন্ন মেলায় বিসিএসআইআর-এর অংশগ্রহণের উদ্যোগ গ্রহণ করা হবে।

১১। বিসিএসআইআর হতে বিভিন্ন সেবা গ্রহণকারী এবং জনসাধারণের মতামতের ভিত্তিতে বিসিএসআইআর প্রদত্ত বিভিন্ন সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ করা হবে।

**জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর:**

১। ইনোভেশন টিমকে গতিশীল করার লক্ষ্যে নতুন নিয়োগকৃত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি পুনঃগঠন করা হবে।

২। প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে ইনোভেশন টিমের মাসিক সভা আয়োজন করা হবে।

৩। দক্ষ জনবল তৈরির জন্যঃ

ক) বছরে ৬০ ঘন্টার ইন হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে;

খ) প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানে ১২ জন কর্মচারীকে প্রশিক্ষণে প্রেরণ করা এবং

গ) ওয়েব পোর্টাল সম্পর্কিত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

৪। তরুণ বিজ্ঞানীদের উদ্ভাবিত প্রকল্প নিয়ে প্রদর্শনীর আয়োজন করা হবে।

৫। ৩৮ তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে অংশগ্রহণকারী সকল উদ্ভাবনসমূহ বিস্তারিত বর্ণনা সহযোগে একটি প্রতিবেদন প্রকাশ করা হবে;

৬। ত্রৈমাসিক পত্রিকা ‘নবীন বিজ্ঞানী’ এর ৪ টি সংখ্যা প্রকাশ করা হবে;

৭। ওয়েব পোর্টাল হালনাগাদ ও আকর্ষণীয় করা হবে;

৮। নতুন দু’টি অনলাইন সুবিধা ফর্ম চালু করা হবে;

৯। ওয়াইফাই এর গতি ১৫ mbps থেকে বৃদ্ধি করে ২০ mbps করা হবে;

১০। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের সাহায্যে সুবিধাভোগীদের সঙ্গে যোগাযোগ বৃদ্ধি করা হবে;
১২। আগত দর্শক নিজ স্যুভেনির নিজে তৈরি করার কার্যক্রম গ্রহণ করা হবে;
১৩। পরিচ্ছন্নতার জন্য আধুনিক সরঞ্জাম সংগ্রহ করা হবে;
১৪। বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য উন্নতমানের পিউরিফায়ার স্থাপন করা হবে;
১৫। টিকিট কাউন্টার আধুনিকায়ন করা হবে;
১৬। ৬৪ টি জেলায় সেমিনার ও বিজ্ঞান বিষয়ক কুইজের প্রতিযোগিতার আয়োজন করা হবে;
১৭। বিজ্ঞানীদের ছবি সম্বলিত ক্যালেন্ডার প্রকাশ করা হবে;
১৮। জাদুঘরে প্রবেশ পথে ২ টি সাইনবোর্ড স্থাপন করা হবে;
১৯। প্রতিটি প্রদর্শনী বস্তুর জন্য আধুনিক ডিসপ্লে বোর্ড তৈরি করা হবে;
২০। তিমির কঙ্কালকে উন্নতমানের লাইটিং (এল ই ডি স্ট্রীপ) দিয়ে সজ্জিত করা হবে;
২১। সিসি ক্যামেরার সংখ্যা বৃদ্ধি করা হবে;
২২। অভ্যন্তরীণ যোগাযোগের জন্য ওয়্যারলেস এর ব্যাবস্থা করা হবে;
২৩। সিকিউরিটি গার্ডদের জন্য বিশেষ পোশাকের ব্যাবস্থা করা হবে;

**বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক):**

১। প্রিন্টেড টেক্সকে ডিজিটাল টেক্সে রূপান্তর করা হবে (-২৪টি বই)
২। তথ্য ব্যবস্থাপনায় ই-বুক সফটওয়্যারের ব্যবহার শীর্ষক প্রশিক্ষণ দেয়া হবে (-৪টি)।
৩। ব্যান্সডক কর্তৃক সংগৃহীত/ প্রাপ্ত তথ্য ওয়েব সাইটে আপলোড করা হবে।
৪। ব্যান্সডক ওয়েবসাইট হালনাগাদ করা হবে।

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার:**

১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে কর্মরত জনবলকে তথ্য প্রযুক্তি বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।
২। অফিসে স্থাপিত কম্পিউটারগুলোকে LAN (Local Area Network) এর আওতায় আনা হবে।
৩। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ওয়েবসাইট আকর্ষণীয় ও নিয়মিত হালনাগাদ রাখা হবে।
৪। নভোথিয়েটারের প্রশাসনিক এরিয়াসহ অফিসের সকল এলাকায় WiFi স্থাপনের ব্যবস্থা করা হবে।
৫। LAN (Local Area Network) এর সার্ভারকে বাংলাদেশ সরকারের মূল কম্পিউটার নেটওয়ার্ক Backbone এর আওতায় আনা (যেমন: প্রশাসনিক মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়) হবে।
৬। নভোথিয়েটারের অবকাঠামোকে (যেমন: টিকেটিং সিস্টেম, সিসি ক্যামেরা, ফায়ার ফাইটিং সিস্টেম, ডোর এক্সেস ইত্যাদি) পর্যায়ক্রমে আধুনিকায়ন ও কম্পিউটারাইজড করা হবে।
৭। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়াম শো-কে আধুনিকায়ন/ আপডেট করা হবে।
৮। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা-কর্মচারীদের ইলেকট্রনিক পাঞ্চ কার্ড প্রণয়ন করা হবে।
৯। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের নিরাপত্তা ব্যবস্থা পুনর্বিন্যাস করা (ইলেকট্রনিক পাঞ্চ কার্ড, সিসি ক্যামেরা, স্ক্যানার, মেটাল ডিটেক্টর, আর্চওয়ে ইত্যাদির মাধ্যমে) হবে।
১০। বিদেশি এবং দেশিদের জন্য ভিন্ন মূল্যে প্রদর্শনীর ব্যবস্থা করা হবে।
১১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে আন্তর্জাতিক মানে উন্নীত করার জন্য একজন বিশেষজ্ঞ পরামর্শক নিয়োগ করা হবে।

১৩। বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়ামে Digital প্রযুক্তিতে নির্মিত অত্যাধুনিক equipment রয়েছে। এ সকল equipment এর সাহায্যে দর্শনার্থীদের জ্যোতির্বিজ্ঞান বিষয়ে বিনোদনের মাধ্যমে ধারণা প্রদান করা হচ্ছে। প্লানেটেরিয়ামে প্রদর্শনের জন্য বিজ্ঞান ভিত্তিক এবং তথ্য নির্ভর ফিল্ম ক্রয় ও প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৪। জ্যোতির্বিজ্ঞানের নতুন নতুন তথ্য ও চিত্র সংগ্রহ ও সংরক্ষণ করা এবং প্রাপ্ত তথ্য সম্পর্কে নিয়মিত সেমিনার, সিম্পোজিয়ামের আয়োজন করে দেশের জনগণ তথা দেশের ছাত্র সমাজকে অবহিত করা হবে।
১৫। ভ্রাম্যমাণ মিনি প্লানেটেরিয়ামের ব্যবস্থা করে বিনোদনের মাধ্যমে জনগণকে বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করা।
১৬। বিভিন্ন ধরনের সাইন্টিফিক এক্সিবিট ক্রয় করে স্থাপনের ব্যবস্থা করা হবে।
১৭। বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের রকেট, স্পেসসাটল ও স্যাটেলাইটের মডেল স্থাপনের মাধ্যমে আধুনিকায়ন শীর্ষক কর্মসূচি গ্রহণ করা হবে।
১৮। বিভাগীয় শহরে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের শাখা স্থাপনের মাধ্যমে তথ্যপ্রযুক্তি বিষয়ক কার্যক্রম ত্বরান্বিত করা হবে।

**বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ:**

১। "e-licensing & e-learning System of BAERA" শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নরূপ সেবা দেয়া হবে:

ক. বাপশনিক  ই-লাইসেন্সিং সেবা চালু হবে। এই সেবা প্রক্রিয়া চালু হলে স্টেকহোল্ডাররা খুব সহজেই লাইসেন্সের জন্য দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে অনলাইনে আবেদন করতে  পারবেন।
খ. সেবা সংক্রান্ত নিয়ন্ত্রণমূলক মোবাইল এ্যাপস্ উন্নয়ন হবে। এর ফলে স্টেকহোল্ডাররা খুব সহজেই মোবাইল এর মাধ্যমে লাইসেন্সের হালনাগাদকৃত তথ্যাদি জানতে সক্ষম হবেন।
গ. অনলাইনে পেমেন্ট সিস্টেম চালু হবে, যার ফলে গ্রাহকরা রেগুণলটরী ফি অনলাইনে প্রদান করতে পারবেন।
ঘ. বিকিরণ নিয়স্ত্রণ কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং পরীক্ষার আবেদন অনলাইনে চালু করা হবে।
ঙ. প্রকল্প বাস্তবায়নের ধারাবাহিকতায় প্রকল্পটির promotion করার জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম, পোস্টার এবং SMS এর মাধ্যমে প্রচারের বিষয়টি বিবেচনায় রাখা হয়েছে।
চ. গ্রাহকরা যেন ডিজিটাল সেন্টারে গিয়ে বাপশনিক এর e-learning & e-learning সেবা সহজেই গ্রহণ করতে পারে এ জন্য ডিজিটাল সেন্টার এর কর্মকর্মাদের জন্য নির্দেশিকা প্রণয়ন করা হবে।

২।  দাপ্তরিক কাজে গতি-স্বচ্ছতা ও দক্ষতা বাড়ানোর মাধ্যেমে জনগনকে সেবা প্রদানের ক্ষেত্রে ২০১৭ সালে ই-ফাইলিং সিস্টেম চালুকরণে প্রয়োজনীয় সকল পদক্ষপ গ্রহণ করে ই-ফাইলিং সিস্টেম চালু করা হবে।
৩। সরকারী ক্রয় প্রক্রিয়ায় দরদাতাদের অবাধ অংশগ্রহণ ও সমসুযোগ সৃস্টি এবং ক্রয় প্রক্রিয়ার দক্ষতা, স্বচছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ইনোভেশন টিমের ২০১৭ সালের মধ্যে ই-টেন্ডারিং সিস্টেম চালু করবে।
৪। জনগণের সাথে কার্যকর যোগাযোগ স্থাপনের জন্য ইনোভেশন টিম অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটটি আরও আকর্ষণীয় করে তোলার জন্য কাজ করবে।

**ন্যাশনাল ইনিস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি):**

১. জীবপ্রযুক্তি ব্যবহার করে নতুন প্রযুক্তি উদ্ভাবনের নিমিত্ত গবেষণা কার্যক্রম পরিচালনায় উদ্ধুদ্ধকরণ ।
২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে গবেষণা কাজ সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত বিজ্ঞানীদের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণ ।
৩. কাজের দক্ষতা বৃদ্ধির জন্য বৈজ্ঞানিক সহকারী ও ল্যাবরেটরী সহগামীদের সংশ্লিস্ট বিষয়ে প্রশিক্ষণ।

৪. দক্ষতার সহিত কম্পিউটার ব্যবহার, সংশ্লিষ্ট ক্ষেত্রে সাইবার নিরাপত্তা ব্যবস্থপনা, ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ।

৫. জাতীয় ই-সেবা সিস্টেমের আওতায় এনআইবি'র ইনোভেশন টিমের কার্যক্রম ইন্টারনেট ভিত্তিক বা অনলাইনভিত্তিক করার উদ্যোগ গ্রহণ।

৬. পর্যায়ক্রমে সকল বিজ্ঞানীসহ প্রয়োজনীয় সকলের জন্য কম্পিউটার সংস্থানের উদ্যোগ গ্রহণ।

৭. তথ্য সেবা প্রদানের জন্য ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ।

৮. দেশ বিদেশে কর্মরত জীবপ্রযুক্তি বিষয়ক বাংলাদেশী গবেষকগণের জন্য ওয়েব ভিত্তিক ডাটাবেস প্রণয়ন।

৯. এলোভেরা (ঘৃতকুমারি) চাষ, প্রক্রিয়াজাতকরণ, বিপণন, ইত্যাদি বিষয়ক সকল তথ্যাদিসমৃদ্ধ ওয়েবপেজ গঠন।

১০. অনলাইন সেবা প্রদানের সংখ্যা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ।

১১. নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান ও কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ।

১২. আইসিটি সংক্রান্ত টাস্কফোর্সের নির্দেশনা মোতাবেক নিয়মিত ত্রৈমাসিক রিপোর্ট প্রেরণ।

১৩. ডিজিটাল মেলায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট প্রস্তুতকরণ।